

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
গাইবান্ধা

স্মারক নং-৩৪.০১.৩২০০.০০০.৩৮.১১১.২১-৩৪৯

তারিখ : ০১/০৮/২০২৩খ্রিঃ।

**ভর্তি বিজ্ঞপ্তি**

দেশে পরিবহন খাতে দুর্ঘটনা রোধে দক্ষ গাড়ীচালক তৈরির মাধ্যমে ২১-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের জন্য পরিবহন খাতে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং দারিদ্র্য বিমোচনের পাশাপাশি টেকসই জীবিকা নিশ্চিত করার নিমিত্ত দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্মী সৃজনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা জেলা কার্যালয় কর্তৃক পরিচালিত নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্মপ্রত্যাশী যুবক ও যুব মহিলাদের তিনটি প্যানেল করার নিমিত্ত তাদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ট্রেন্ডের নাম	কোর্সের মেয়াদ	শিক্ষাগত যোগ্যতা	প্রশিক্ষণ ভাষা	সাক্ষাৎকারের তারিখ ও সময়	সাক্ষাৎকারের স্থান
যানবাহন চালনা প্রশিক্ষণ	০১(এক) মাস	ন্যূনতম অষ্টম শ্রেণী বা সমমান পাশ এবং বয়স ২১ থেকে ৩৫ বছর	প্রশিক্ষণ ভাষা হতে পেশাদার ডাইভিং লাইসেন্স ফি পরিশোধ করার পর অবশিষ্ট টাকা প্রদান করা হবে। (দৈনিক ১৫০/- টাকা হারে উপস্থিতির ভিত্তিতে প্রাপ্য হবেন)	১৬/০৮/২৩খ্রি. সকাল ১০.০০মিঃ	উপপরিচালকের কার্যালয় যুব উন্নয়ন অধিদপ্তর গাইবান্ধা

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি:

- বর্ণিত ট্রেন্ডে দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ১৪ আগস্ট ২০২৩খ্রিঃ।
- বর্ণিত কোর্সে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স ২১ থেকে ৩৫ বৎসর এবং বেকার যুবক ও যুব মহিলা হতে হবে।
- স্বহস্তে পূরণকৃত আবেদন ফর্ম (১) নাম (বাংলা ও ইংরেজী) (২) পিতা ও মাতার নাম (বাংলা ও ইংরেজী) (৩) জন্ম তারিখ (৪) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (৫) জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর (৬) বর্তমান ঠিকানা (৭) স্থায়ী ঠিকানা (৮) শিক্ষাগত যোগ্যতা (৯) ধর্ম (১০) জেভার/লিঙ্গ (১১) মোবাইল নম্বর (১২) whats app (১৩) Facebook ID (১৪) ই-মেইল ঠিকানা (১৫) বিকল্প যোগাযোগ নম্বর (১৬) ইত:পূর্বে গৃহীত প্রশিক্ষণ(যদি থাকে)
- আবেদন পত্রের সাথে (ক) সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি (খ) শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ছায়াছবি (গ) জাতীয় পরিচয়পত্র জমা দিতে হবে। সাক্ষাৎকারের সময় মূল সনদপত্র ও এনআইডি সংগে আনতে হবে।
- নির্ধারিত আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের [www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd) ওয়েব সাইটে পাওয়া যাবে অথবা উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা এবং স্ব-স্ব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।
- সাক্ষাৎের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে হাজির হতে হবে। এজন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রে নিয়ম শৃংখলা মেনে চলতে হবে এবং যথাসময়ে প্রশিক্ষণে উপস্থিত থাকতে হবে।
- প্রশিক্ষণ শেষে আত্মকর্ম/কর্মসংস্থানে নিয়োজিত হওয়ার তথ্য উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা বরাবরে দাখিল করতে হবে।
- প্রশিক্ষণকালীন সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি অবশ্যই পালন করতে হবে।
- যাদের জাতীয় পরিচয় পত্র নেই এবং যাদের যে কোনো প্রকারের ডাইভিং লাইসেন্স রয়েছে, তারা কোনোভাবেই প্রশিক্ষণের জন্য আবেদন করতে পারবে না।

মোঃ মাসুদজামান রহমান  
উপপরিচালক  
যুব উন্নয়ন অধিদপ্তর  
গাইবান্ধা।

E-mail: [ddgaibandha@dyd.gov.bd](mailto:ddgaibandha@dyd.gov.bd)

স্মারক নং-৩৪.০১.৩২০০.০০০.৩৮.১১১.২১-৩৪৯

তারিখ : ০১/০৮/২০২৩খ্রিঃ।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে**

- ১। প্রকল্প পরিচালক, যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, গাইবান্ধা।
- ৩। .....(জেলা পর্যায়ের কর্মকর্তা), গাইবান্ধা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার.....গাইবান্ধা।
- ৫। অধ্যক্ষ, টেকনিক্যাল ট্রেনিং কলেজ(টিটিসি), গাইবান্ধা।
- ৬। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা।
- ৭। সহকারী পরিচালক, বিআরটিএ, গাইবান্ধা।
- ৮। সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা।
- ৯। জেলা সিনিয়র তথ্য কর্মকর্তা, গাইবান্ধা। তাকে বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ১০। প্রশিক্ষক(ইলেকট্রিক্যাল), যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা।
- ১১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর,.....(সকল), গাইবান্ধা।
- ১২। সভাপতি/সাধারণ সম্পাদক/নির্বাহী পরিচালক/পরিচালক/চেয়ারম্যান.....গাইবান্ধা।
- ১৩। সংশ্লিষ্ট নথি/নোটিশ বোর্ড/অফিস নথি/গার্ড ফাইল।

মোঃ খাদেমুল ইসলাম  
সহকারী পরিচালক  
যুব উন্নয়ন অধিদপ্তর  
গাইবান্ধা।